

(প্রেস বিজ্ঞপ্তি)

২৭ নভেম্বর ২০২২ খ্রি.

হাজী আবুল হোসেন জামে মসজিদ ও আহমদুর রহমান ফোরকানিয়া মাদ্রাসার ভিত্তিপ্রস্তর স্থাপন করেন মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, মসজিদ ও মাদ্রাসা নির্মাণ সদকায়ে জারিয়া। যারা এই কাজে আত্মনিয়োগ করে তারা অতি ভাগ্যবান। এক সময় মাদ্রাসা পর্যায়ে শুধুমাত্র আরবি শিক্ষা দেয়া হতো। বর্তমান সরকার সরকার মাদ্রাসা শিক্ষাকে আধুনিকায় করে আরবির পাশাপাশি ইংরেজী, অংক, বিজ্ঞান সহ কম্পিউটার শিক্ষা প্রদান করে যুগের সাথে প্রতিষ্ঠিত হওয়ার জন্য তৈরী করছে। এখন মাদ্রাসার শিক্ষার্থীরা দেশ-বিদেশের গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করছে। খেয়াল রাখতে হবে এই শিক্ষায় জঙ্গিবাদের প্রবেশ ঘটতে না পারে। তিনি বৃত্তবানদের মসজিদ, মাদ্রাসা নির্মাণ কাজে এগিয়ে আসারও আহ্বান জানান। গতকাল শনিবার বিকেলে পূর্ব ষোলশহর জীবন মিস্ত্রী বাড়ি হাজী আবুল হোসেন জামে মসজিদ ও আহমদুর রহমান ফোরকানিয়া মাদ্রাসা নির্মাণ কাজের ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য তিনি একথা বলেন।

শোয়েব রিয়াদের সভাপতিত্বে এতে উপস্থিত ছিলেন-আবুল কালাম, এরশাদুল আমিন, ইঞ্জিনিয়ার সেলিম উল্লাহ সহ এলাকার গণ্যমান ব্যক্তিবর্গ প্রমুখ।

মেয়র আরো বলেন, পরিষ্কার পরিচ্ছন্নতা ঈমানের অঙ্গ। নগরীরকে পরিষ্কার রাখার ব্যাপারে জনগনকে সচেতন করতে ইমাম ও মাদ্রাসা শিক্ষার্থীদের ভূমিকা রাখতে পারেন। তিনি এলাকাবাসীর উদ্দেশ্যে বলেন, আপনারা গৃহকর নিয়ে শংকিত হবেন না। আপনাদের গৃহকর নিয়ে শংস্বয় থাকলে আপীল করলে আপীল বোর্ড সহনীয় পর্যায়ে তা ধার্য্য করবে।

চসিক ভ্রাম্যমাণ আদালত

এডিস মশার বংশ বিস্তার রোধে পরিচালিত অভিযান ও বিভিন্ন অপরাধে ২৭ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ রবিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী নগরীর শাহ আমানত সেতু সংযোগ সড়ক এলাকায় ডেঙ্গু রোগ প্রতিরোধে এডিস মশার উৎসস্থল বিভিন্ন বাসা বাড়ীর ছাদ বাগান ও নির্মাণাধীন ভবন পরিদর্শন করেন। সে সময় এডিস মশার জন্মস্থান পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য জনসধারণ কে সচেতন করা হয়। অভিযানকালে একটি নির্মাণাধীন ভবনের নীচে এডিস মশার বংশ বিস্তারে জমাটবদ্ধ পানির উৎস পাওয়ায় এবং সর্বসাধারণের চলাচলের রাস্তায় অবৈধভাবে গাড়ী পার্কিং ও নির্মাণ সামগ্রী রাখার দায়ে ৫ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২৭ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩